72

দৈনিক বাংলা

তারিখ ... 02 JAN 1995 ...
পৃষ্ঠা ৭ কলাম ৫

# ২০ এপ্রিল থেকে এসএসসি পরীক্ষা

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড ঢাকা, কুমিল্লা, রাজশাহী ও যশোর-

(৫-এর পৃঃ দ্রঃ)

(প্রথম পৃষ্ঠার পর)

## ২০ এপ্রিল থেকে এসএসসি পরীক্ষা

এর ১৯৯৫ সালের এসএসসি পরীক্ষা আগামী ২০ এপ্রিল শুরু হবে। খবর তথ্য-বিবরণীর।

### ফি আদায় প্রসঙ্গে—

কতিপয় স্কুল কর্তৃপক্ষ সরকার নির্ধারিত এসএসসি পরীক্ষার ফি-এর হার অপেক্ষা অতিরিক্ত ফি আদায় করছে বলে দেশের কিছু কিছু সংবাদপত্রের খবর প্রকাশিত হয়েছে।

এক্ষেত্রে উল্লেখ্য যে, বোর্ডের নির্ধারিত হার অপেক্ষা অতিরিক্ত ফি আদায় করা আইনত অবৈধ। বোর্ড নির্ধারিত এসএসসি পরীক্ষার ফি-এর হার অপেক্ষা অতিরিক্ত ফি আদায় করা সম্পর্কে কোন স্কুলের বিরুদ্ধে কোন অভিযোগ পাওয়া গেলে এবং তা প্রমাণিত হলে ঐ স্কুল এবং সংশ্লিষ্ট শিক্ষক-শিক্ষিকার বিরুদ্ধে আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে। খবর তথ্য বিবরণীর।

সরকার ১৯৯৫ সালের এসএসসি পরীক্ষার জন্য ফি নির্ধারণ করে ঐ হারেই পরীক্ষার্থীদের কাছ থেকে ফি আদায় করতে সকল স্কুল কর্তৃপক্ষকে অবহিত করেছে। সরকার নির্ধারিত ফি-এর হার নিম্নরূপ ঃ

নিয়মিত পরীক্ষার্থীদের জন্য পরীক্ষার ফি প্রতি পত্রের জন্য ৩৫ টাকা, ব্যবহারিক পরীক্ষা ফি প্রতি পত্রের জন্য ২০ টাকা, মার্ক সার্টিফিকেট ফি প্রতি পরীক্ষার্থীর জন্য ৩০ টাকা, স্কাউট, গার্লস গাইড ফি প্রতি পরীক্ষার্থী ১০ টাকা।

অনিয়মিত পরীক্ষার্থীদের ক্ষেত্রে পরীক্ষার ফি প্রতি পত্র ৩৫ টাকা, ব্যবহারিক পরীক্ষা ফি প্রতিপত্র ২০ টাকা, মার্ক সার্টিফিকেট ফি প্রতি পরীক্ষার্থী ৩০ টাকা, অনিয়মিত ফি প্রতি পরীক্ষার্থীর জন্য ৭৫ টাকা, স্কাউট বা গার্লস গাইড ফি প্রতি পরীক্ষার্থীর জন্য ১০ টাকা।

বিভাগ উন্নয়নে পরীক্ষার্থীদের ক্ষেত্রে পরীক্ষার ফি প্রতি পত্র ৩৫ টাকা, ব্যবহারিক পরীক্ষা ফি প্রতি পত্র ২০ টাকা, মার্ক সার্টিফিকেট ফি প্রতি পরীক্ষার্থীর জন্য ৩০ টাকা, অনুমতি ও তালিকাভুক্তি ফি প্রতি পরীক্ষার্থীর জন্য ৯০ টাকা, স্কাউট বা গার্লস গাইড ফি প্রতি পরীক্ষার্থীর জন্য ১০ টাকা।

প্রাইভেট পরীক্ষার্থীদের ক্ষেত্রে পরীক্ষার ফি প্রতি পত্র ৩৫ টাকা, মার্ক সার্টিফিকেট ফি প্রতি পরীক্ষার্থীর জন্য ৩০ টাকা, স্কাউট বা গার্লস গাইড ফি প্রতি পরীক্ষার্থী ১০ টাকা।

কোন স্কুল কর্তৃপক্ষ কোন পরীক্ষার্থীর কাছ থেকে সরকার-নির্ধারিত উক্ত হার অপেক্ষা অতিরিক্ত পরীক্ষার ফি আদায় করলে বিষয়টি জেলা শিক্ষা অফিসার, জেলা প্রশাসক, আঞ্চলিক উপ-পরিচালক, শিক্ষা, সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড বা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরকে তাৎক্ষণিকভাবে অবহিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হয়েছে।